দৈনিক জনকণ্ঠ

তারিখ … OCT 28 1999 …
পৃষ্ঠা … কলাম …

# চট্টগ্রামে পরীক্ষা কেন্দ্র স্থাপনের ক্ষেত্রেও রাজনৈতিক প্রভাব

চবি সংবাদদাতা ॥ চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি ও এইচএসসি পরীক্ষা কেন্দ্র স্থাপনে রাজনৈতিক প্রভাব খাটানোর প্রবণতা বেড়েই চলেছে। জনপ্রতিনিধি থেকে শুরু করে বিভিন্ন শ্রেণীর রাজনৈতিক ও পেশার প্রতিনিধিরা নিজ নিজ এলাকায় আধিপত্য বিস্তারের কৌশল হিসাবে বেছে নিয়েছে পরীক্ষা কেন্দ্র স্থাপনের উদ্যোগকে। গায়ের জোর এবং রাজনৈতিক প্রভাব খাটিয়ে তারা পছন্দনীয় স্কুল-কলেজে পরীক্ষা কেন্দ্র স্থাপনে বদ্ধপরিকর। এক্ষেত্রে বোর্ড চেয়ারম্যানের ওপর সৃষ্টি করা হচ্ছে রাজনৈতিক চাপ। এতেও কাজ না হলে কোন কোন এলাকায় ক্ষিপ্ত রাজনৈতিক ব্যক্তিত্বরা বেছে নিচ্ছেন সন্ত্রাসের পথ।

সন্দ্বীপের একটি কলেজে পরীক্ষা কেন্দ্র না দেয়ার জের ধরে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের চেয়ারম্যানের সন্দ্বীপস্থ গ্রামের বাড়িতে গত ৭ অক্টোবর সন্ত্রাসী হামলা চালায়। ব্যাপক ভাংচুর ও লুটপাটের পর লাঞ্ছিত করা হয়েছে চেয়ারম্যানের বৃদ্ধ বোন ও ভগ্নিপতিকে। পরীক্ষা কেন্দ্র প্রদানের ক্ষেত্রে সন্দ্বীপের এক প্রভাবশালী জনপ্রতিনিধির স্বার্থ হাসিল না হওয়ায় অত্যন্ত সুপরিকল্পিতভাবে এই হামলা চালানো হয়েছে বলে অভিযোগ উঠেছে। সর্বশেষ বাপ-দাদার ভিটামাটি থেকে চেয়ারম্যান ডঃ এনায়েতুর রহমানকে সপরিবারে উচ্ছেদের ষড়যন্ত্র চলছে বলেও তাঁর পরিবারিক সূত্র জানায়।